তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

সূত্র নং-২৮.১৩.০০০০.০৫৩.১১.০০১.২৩/২৭৬২

তারিখঃ ১৩/১১/২০২৩খ্রি.

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

অবৈধ গ্যাস সংযোগ থেকে বিরত থাকুন
দুর্নীতি রোধে সহায়তা করুন।

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (হিসাব) | ১১ | ৳.২২,০০০/- - ৳.৫৩,০৬০/- (গ্রেড-৯ম) | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণী/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমিডিয়েট)/এমবিএ। |
| ২. | সহকারী কর্মকর্তা (হিসাব) | ০৮ | ৳.১৬,০০০/- - ৳.৩৮,৬৪০/- (গ্রেড-১০ম) | বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত বি.কম। |
| ৩. | সহকারী কর্মকর্তা (সাধারণ) | ১৯ | ৳.১৬,০০০/- - ৳.৩৮,৬৪০/- (গ্রেড-১০ম) | স্নাতকোত্তর অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রী। |

নোটঃ জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদনের নিয়ম ও শর্তাবলী তিতাস গ্যাস টি এন্ড ডি কোং. লি: এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর ওয়েবসাইট (www.petrobangla.org.bd) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (www.emrd.gov.bd)-এ পাওয়া যাবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।


সূত্র নং-২৮.১৩.০০০০.০৫৩.১১.০০১.২৩/২৭৬৩

তারিখঃ ১৩/১১/২০২৩খ্রি.

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

অবৈধ গ্যাস সংযোগ থেকে বিরত থাকুন
দুর্নীতি রোধে সহায়তা করুন

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | বেতনস্কেল ও গ্রেড | ডিসিপ্লিন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী প্রকৌশলী | ৳.২২,০০০/- - ৳.৫৩,০৬০/- (গ্রেড-৯ম) | ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬ | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা সমেত সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| | | | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৮ | |
| | | | সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬ | |
| | | | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৮ | |
| | | | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১২ | |
| ২. | উপসহকারী প্রকৌশলী | ৳.১৬,০০০/- - ৳.৩৮,৬৪০/- (গ্রেড-১০ম) | সিভিল | ৩ | সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| | | | মেকানিক্যাল | ৫ | |
| | | | ইলেকট্রিক্যাল | ৩ | |
| | | | কম্পিউটার | ৪ | |
| | | | আর্কিটেকচার | ১ | |

নোটঃ জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদনের নিয়ম ও শর্তাবলী তিতাস গ্যাস টি এন্ড ডি কোং. লি: এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর ওয়েবসাইট (www.petrobangla.org.bd) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (www.emrd.gov.bd)-এ পাওয়া যাবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

সূত্র নং-২৮.১৩.০০০০.০৫৩.১১.০০১.২৩/২৭৬৪ তারিখঃ ১৩/১১/২০২৩খ্রি.

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

অবৈধ গ্যাস সংযোগ থেকে বিরত থাকুন
দুর্নীতি রোধে সহায়তা করুন।

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (কারিগরি) | ১৪ | ৳.২২,০০০/- - ৳.৫৩,০৬০/- (গ্রেড-৯ম) | সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীতে এমএসসি ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণিতে এমএসসি ডিগ্রী সমেত বিএসসি (সম্মান) দ্বিতীয় শ্রেণী।<br>কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ২. | সহকারী কারিগরি কর্মকর্তা | ৩২ | ৳.১৬,০০০/- - ৳.৩৮,৬৪০/- (গ্রেড-১০ম) | এমএসসি ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা সমেত বিএসসি ডিগ্রী।<br>কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

নোটঃ জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদনের নিয়ম ও শর্তাবলী তিতাস গ্যাস টি এন্ড ডি কোং. লি: এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর ওয়েবসাইট (www.petrobangla.org.bd) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (www.emrd.gov.bd)-এ পাওয়া যাবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)

আবেদনের নিয়ম ও শর্তাবলীঃ

১। অনলাইনে (Online)-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখঃ

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://tgtdcl.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

ক. Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৫/১১/২০২৩ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা।

খ. Online-এ আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২০/১২/২০২৩ খ্রি., বিকাল ৫.০০ ঘটিকা।

গ. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন ফরম Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবে।

২। অনলাইনে (Online)-এ আবেদনের পদ্ধতিঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://tgtdcl.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবে।

খ. Online-এ আবেদন ফরমে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবে।

গ. Online-এ আবেদন ফরমে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন ফরম Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবে।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন ফরমের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবে।

ঙ. SMS ও আবেদন ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলীঃ

Online-এ আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবে। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবে। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুটি) SMS করে আবেদন ফি বাবদ ৯ম গ্রেডের জন্য ৳ ৬৬৯.০০ (টেলিটক এর সার্ভিস চার্জসহ) এবং ১০ম গ্রেডের জন্য ৳ ৫৫৭.৫০ (টেলিটক এর সার্ভিস চার্জসহ) অফেরৎযোগ্য অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবে।

**অনলাইন (Online)-এ আবেদন ফরমের সকল অংশ অবশ্যই পূরণ করতে হবে, প্রযোজ্য নয় ক্ষেত্রে N/A লিখতে হবে।**

**এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদন ফরমের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: TGTDCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে.

Example: TGTDCL ABCDEF and Send to 16222.

Reply: Applicant's Name, Post Name, TK-669/- will be charged as application fee. Your PIN (8 digit number) e.g12345678.

দ্বিতীয় SMS: TGTDCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: TGTDCL YES 12345678 and Send to 16222.

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TGTDCL Application for <post name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tgtdcl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদন ফরমে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই Admit Card-টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবে।

জ. শুধু Teletalk Pre-paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবে।

i. User ID জানা থাকলে TGDCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: TGTDCL HELP USER ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে TGTDCL<space>HELP<space>PIN<space>PIN NO. & Send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd এ ইমেইল যোগাযোগ করা যাবে।

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও টিজিটিডিসিএল এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd) এর মাধ্যমে জানানো হবে।

৪। বয়সসীমা (Age Limit) : ২০/১২/২০২৩ খ্রি. তারিখে বয়সঃ

সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স ২০/১২/২০২৩ খ্রি. তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট-এ লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

ক. কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর বয়সসীমায় আবেদন করলে সে ক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি দাখিল করতে হবেঃ

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর ওয়েবসাইট https://bffwt.gov.bd-এ প্রকাশিত সমন্বিত তালিকা ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রকাশিত টিএমআইএস এ প্রকাশিত তালিকায় নাম থাকতে হবে। মুক্তিযোদ্ধার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত তথ্যাদির মিল থাকতে হবে।

খ. কোন প্রার্থী শারীরিক প্রতিবন্ধী হিসেবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর বয়সসীমায় আবেদন করলে সে ক্ষেত্রে তাকে সমাজ সেবা অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫। অন্যান্য শর্তাবলীঃ

আবেদন ফরম সঠিক ভাবে পুরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে অনলাইন আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমানের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং একসেট সত্যায়িত (অবশ্যই সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) ফটোকপি দাখিল করতে হবেঃ

(ক). সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সার্টিফিকেট;

(খ). সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণী) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;

(গ). ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;

(ঘ). জাতীয় পরিচয়পত্র;

(ঙ). বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);

(চ). সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

(ছ). অনলাইন (Online)-এ পূরণকৃত আবেদন ফরমের কপি (Applicant's Copy)।

৬। শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে অফিস চলাকালীন মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, সংশ্লিষ্ট সিলেকশন কমিটি, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং.লি:, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবেঃ

ক). অনলাইন আবেদন ফরমের কপি;

খ). সমাজ সেবা অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি;

গ). প্রার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

ঘ). শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;

৬). শ্রুতিলেখক হিসেবে মনোনিত ব্যক্তির (অবশ্যই স্নাতক পর্যায়ে অধ্যয়নরত) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

৭। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন সুযোগ/সুবিধাদি দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৮। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছে অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না।

৯। এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/নির্দেশনা এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধান/নির্দেশনায় কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**১১। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদে আবেদন করতে পারবে।**

**১২। কোন Appeared প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।**

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডিএ প্রদান করা হবে না।

১৪। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

১৫। কোন প্রার্থী নিয়োগ প্রাপ্তির পর তার প্রদত্ত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি তিতাস গ্যাস টি এন্ড ডি কোং.লি: এর ওয়েবসাইট (www.titasgas.gov.bd) এবং পেট্রোবাংলার ওয়েবসাইট (www.petrobangla.org.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকুরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)